# নিউজলেটার

(জানুয়ারী - মার্চ,২০২৩ ইং)

## সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক
## “শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” পালন

২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বাংলাদেশে পালিত একটি জাতীয় দিবস। ১৯৫২ সালে তদানীন্তন পূর্ব বাংলায় আন্দোলনের মাধ্যমে বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেয়ার লক্ষ্যে যারা শহীদ হয় তাদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের জন্য প্রতি বছরের মত এ বছরেও এই জাতীয় দিবসটি পালন করা হয়। এরই ধারাবাহিকতায় মহান ২১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ দিনের প্রহরে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জেলা, উপজেলা ও স্থানীয় পর্যায়ে সংস্থার প্রধান কার্যালয় ও শাখা অফিস সমূহের মাধ্যমে জাতীয় পতাকা ও কালো পতাকা উত্তোলন (অর্ধনমিত), প্রভাতফেরি, শহীদ মিনার পুষ্পমাল্য/স্তবক অর্পণ, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে **“শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস”** পালিত হয়। এই দিবস উদযাপনের জন্য সংস্থার প্রধান কার্যালয় ও শাখা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

### জেলা, উপজেলা ও স্থানীয় পর্যায়ে শহীদ দিবস পালনঃ

**নোয়াখালী জেলা, উপজেলা ও স্থানীয় কেন্দ্রীয় শহীদ মিনারে সরকারি ভাবে আয়োজিত দিবসের রাতের প্রহরে পুষ্পমাল্য দান ও প্রভাতফেরি সহ বিভিন্ন কর্মসূচিতে পূর্বনির্দেশনানুযায়ী সংস্থার কর্মকর্তা ও কর্মীবৃন্দ অংশগ্রহণ করে।**





## আর্ন্তজাতিক নারী দিবস - ২০২৩ উদযাপন

সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার আয়োজনে চর উন্নয়ন বসতি স্থাপন প্রকল্প - ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) এর উদ্যেগে ৮ মার্চ - ২০২৩, রোজ বুধবার চর এলাহী বাজার ও আক্তার মিয়ার হাট এলাকায় প্রকল্প এলাকার সর্বস্তরের জনগণের অংশগ্রহণে র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এবারের আর্ন্তজাতিক নারী দিবসের প্রতিপাদ্য ছিলো **”ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন, জেন্ডার বৈষম্য করবে নিরসন”**






উক্ত দিবস উদযাপনের জন্য র‍্যালি, আলোচনা সভা ও বৃক্ষ বিতরণ কর্মসূচিতে চরএলাহী বাজারে উপস্থিত ছিলেন জনাব মোঃ জুলফিকার আলী, কো- অর্ডিনেটর(প্রোগ্রাম), জনাব মোঃ আলাউদ্দিন, ক্রেডিট কো-অর্ডিনেটর(এমই), জনাব মোঃ গোলামুর রহমান, প্রোগ্রাম কো- অর্ডিনেটর (কৈশোর), সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। এছাড়াও উপস্থিত ছিলেন মহিলা প্যানেলের সদস্যবৃন্দ। আলোচনা সভায় মুক্ত আলোচনায় অংশ নেন নারী সদস্যরা। অপরদিকে এই দিবস উদযাপনের জন্য আক্তার মিয়ার হাটে আলোচনা সভায় উপস্থিত ছিলেন জনাব মোঃ হান্নান মোল্যা, ব্যবস্থাপক (প্রশাসন), সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা ও সিডিএসপির অন্যান্য কর্মকর্তাবৃন্দ। র‍্যালী ও আলোচনা সভা শেষে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে হরেক রকমের বৃক্ষের চারা বিতরণ করা হয়। এই দিবসটিতে নারীদের অধিকার সুরক্ষায় সকলে একত্রে কাজ করার জন্য অঙ্গীকারবদ্ধ হন।

## ‘জাতির জনকের শুভ জন্মদিন ও জাতীয় শিশু দিবস’ পালন





১৭ মার্চ আমাদেও জাতীয় জীবনে এক ঐতিহাসিক দিন। দিনটি রাষ্ট্রীয়ভাবে ‘জাতীয় শিশু দিবস’ হিসেবে প্রতিবছর পালিত হয়। জাতির জনকের শুভ জন্মদিনে সমগ্র জাতি কৃতজ্ঞচিত্তে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে। ইতোমধ্যে জাতির জনকের জন্মশতবর্ষ ‘মুজিববর্ষ’ সগৌরবে পালিত হওয়ার মধ্য দিয়ে ইতিহাসের আলোয় জাতীয় দিগন্ত আজ উদ্ভাসিত।

সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক বিশেষ এই দিবসটি পালন করা হয়। দিবসটি উদযাপনের লক্ষ্যে সংস্থার পক্ষ থেকে জেলা কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা ও সংস্থার অন্যান্য কর্মকর্তারা। রাষ্ট্র গঠনে বঙ্গবন্ধুর ভূমিকা ও শিশু কিশোরদের মাঝে বঙ্গবন্ধুর চেতনা জাগ্রত করার প্রয়াস নিয়ে পালিত হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস -২০২৩।

# গণহত্যা দিবস ও মহান স্বাধীনতা দিবস পালন

একাত্তরের ২৫ মার্চ রাতে পাকিস্তানি সামরিক বাহিনী ঠান্ডা মাথায় নিরস্ত্র, নিরপরাধ ও ঘুমন্ত সাধারণ বাঙালির ওপর যেভাবে হত্যাযজ্ঞ চালিয়েছিল, তা পৃথিবীর ইতিহাসের অন্যতম ভয়াবহ গণহত্যার নজির। ২০১৭ সাল থেকে এ দিনটি 'গণহত্যা দিবস' হিসেবে স্মরণ করা হচ্ছে। একটি জনগোষ্ঠীর স্বাধিকারের দাবিকে চিরতরে মুছে দিতে ঢাকায় চালানো ওই হত্যাযজ্ঞের নাম দেওয়া হয়েছিলো 'অপারেশন সার্চলাইট'।

বাঙালির গৌরবদীপ্ত দিন মহান স্বাধীনতা দিবস। হাজার বছরের পরাধীনতার শৃঙ্খল ভেঙে ১৯৭১ সালের এই দিনে বিশ্বের বুকে বাঙালির স্বাধীন রাষ্ট্র গঠনের লক্ষে স্বাধীনতার ডাক দিয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ২৬ মার্চ প্রথম প্রহরে পাকিস্তানি বাহিনীর হাতে গ্রেপ্তার হওয়ার আগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়ে যান।










২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে নোয়াখালী জেলার কেন্দ্রীয় শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। এছাড়াও জনাব মোঃ সাইফুল আলম, রিজিওনাল ম্যানেজার (নোয়াখালী উত্তর), রিজিওন -২, জনাব গোলামুর রহমান, সমৃদ্ধি প্রোগ্রাম সমন্বয়কারী ও এলাকা ব্যবস্থাপক ও আরো অনেকে এসময় উপস্থিত ছিলেন। দিবসসমূহের স্মরণে ২৫ মার্চ মধ্যরাতে সংস্থার প্রধান কার্যালয়ে একটি টপডাউন ব্যানার ঝুলানো হয়।

# মাইক্রোফাইন্যান্স কর্মসূচি

## “সংগ্রামী মমতাজ বেগম”





**সদস্যের নাম ঃ মমতাজ বেগম**
**স্বামী/পিতা ঃ মানিক হোসেন**
**বয়স ঃ ৩৮ বছর**
**গ্রাম ঃ রমুলপুর, মোহাম্মদপুর, হাতিয়া, নোয়াখালী ।**
**সমিতির নাম ঃ আসমা মহিলা সমিতি-২০৯৩ ।**
**মোবাইল নং ঃ ০১৮৫৫-৪৭৯২১২**

মমতাজ বেগম, ২০১০ইং সালে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়, স্বল্প শিক্ষিত স্বামী মানিক হোসেন অল্প পুজি নিয়ে ভুইয়ার হাট ছোট একটি মুদি দোকান দিয়ে ব্যবসা শুরু করেন কিন্তু শিক্ষিত মমতাজ বেগম তা নিয়ে সন্তুষ্ট হয়নি, নিজেই সংসারের হাল ধরার চেষ্টা করেন তাই প্রতিবেশীর মাধ্যমে খোঁজ পায় সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার। ০৫/১২/২০১৭ইং সালে সাগরিকার সদস্য পদ ভর্তি হয়, সপ্তাহে ১০০/- টাকা করে সঞ্চয় জমা শুরু করেন। ৮ জানুয়ারী,২০১৮ইং সালে সংস্থা থেকে ৫লক্ষ টাকা ঋণ গ্রহন করে ৩টি গাভী ক্রয়, নিজস্ব পুকুরে মাছ চাষ ও স্বামীর ব্যবসায়ে পুজি বৃদ্ধি করে।ভাগ্যের পরিবর্তন শুরু করার লক্ষ্যে ৬/১২/২০১৮ ইং সালে ৮ লক্ষ টাকা, ২৮/১১/২০১৯ইং সালে ১২ লক্ষ টাকা , ২৩/১২/২০২০ ইং সালে ১৩ লক্ষ টাকা, ২৩/১২/২১ইং তারিখে ১৫লক্ষ টাকা ১৮/১২/২২ ইং তারিখে ঋণ গ্রহণ করে সংস্থার থেকে মোট ৭৯ লক্ষ টাকা ঋণ গ্রহন করেন।

বর্তমানে তার খামারের ৩০ টি গাভী আছে যা দেখার জন্য ৪জন শ্রমিক সার্বক্ষনিক কাজ করেন, বরফ কলের জন্য ২৫ জন শ্রমিক, মাছ চাষ দেখা শুনার জন্য ৪ জন শ্রমিক নিয়োজিত আছেন। এছাড়াও খন্ড কালীন ১২ জন শ্রমিক কাজ করেন, তাদের চিংড়ি মাছের আড়ত আছে যা থেকে দেশের বিভিন্ন জায়গায় মাছ পাঠানো হয়। এছাড়াও ৫টি ছোট পিকাপ, ২টি বড় পিকাপ, ২টি ভ্যান ট্রলি আছে। সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে বসত বাড়িতে সবজি চাষ ও স্যানিটেশন নিশ্চিত হয়েছে। ফলে তার ২ ছেলে ও ১ মেয়ে নিয়ে স্বচ্ছল জীবন যাপন করছে।

মমতাজ বেগম বলেন,”স্বামীর কাছে আমার মর্যাদাও বেড়েছে এখন। সকল দুঃখ,কষ্ট,নির্যাতন উপেক্ষা করে আমার স্বপ্নই আমাকে আজকের এই অবস্থানে এনে দাঁড় করিয়েছে। আমার দখলকৃত খাস জমির খতিয়ান পেয়েছি । বর্তমানে স্বামী সংসার নিয়ে অনেক সুখে আছি। আমি শুধু এতটুকুই বলব আমার পরিবারের সার্বিক অবস্থার পরিবর্তনে সাগরিকার অবদান অনস্বীকার্য । আমি ও আমার পরিবার সাগরিকার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

# সমন্বিত কৃষি ইউনিট

## কৃষি খাতঃ

### সদস্য পর্যায়ে উত্তম ব্যবস্থাপনায় উৎপাদিত মাছ বিক্রয় কেন্দ্র উদ্বোধনঃ






**“ নিয়মিত নিরাপদ মাছ খাই**
**রোগবালাই এর ঝুঁকি কমাই”**

১৪-০৩-২০২৩ ইং তারিখে পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাতের প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রমের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে চরক্লার্ক শাখার বাংলাবাজার এবং জনতা বাজারে সদস্য পর্যায়ে উত্তম ব্যবস্থাপনায় উৎপাদিত মাছ বিক্রয় কেন্দ্র উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব খোরশেদ আলম, মৎস্য কর্মকর্তা (সুর্বণচর উপজেলা), ৩ নং চরক্লার্ক ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান এডভোকেট জনাব আবুল বাসার, ৩ নং চরক্লার্ক ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব মোঃ সাহাব উদ্দিন, সংস্থার প্রোগ্রাম সমন্বয়কারী জনাব জুলফিকার আলী, সংস্থার মৎস্য কর্মকর্তা,এরিয়া ম্যানেজার,শাখা ব্যবস্থাপক, সহকারী মৎস্য কর্মকর্তা এবং বাজারের ব্যবসায়িগণসহ অন্যান্য জনসাধারণ উপস্থিত ছিলেন। এ বিক্রয় কেন্দ্রর মাধ্যমে ভোক্তাগণ স্বাষ্থ্যসম্মত পরিবেশে ভালমানের মাছ ক্রয় করতে পারবেন।

মাঠ দিবস উদযাপনঃ

সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার সমন্বিত কৃষি ইউনিটভূক্ত মৎস্যখাতের সদস্য পর্যায়ে সক্ষমতা বৃদ্ধি কার্যক্রমের আওতায় সোলেমান বাজার শাখায় উত্তম ব্যবস্থাপনায় গলদা চিংড়ি চাষ প্রদর্শনী প্রযুক্তি সম্প্রসারণ কাযক্রম এর উপর মাঠ দিবস আয়োজন করা হয়। উক্ত মাঠ দিবসে উপস্থিত ছিলেন সুর্বণচর উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা জনাব মোঃ হালিম, সংস্থার মৎস্য কর্মকর্তা, এরিয়া ম্যানেজার, শাখা ব্যবস্থাপক, সহকারী মৎস্য কর্মকর্তা এবং মাছচাষী সদস্যসহ অন্যান্য সমিতির সদস্যবৃন্দ। ২০২১-২০২২ অর্থবছরে ময়মনামতি সমিতির সদস্য নুর জাহান বেগমের ৪০ শতাংশ পুকুরে রুই জাতীয় মাছের সাথে গলদা চিংড়ির চাষ প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়। নুর জাহান বেগম ১বছরে ৩২০০০০ টাকা খরচ করে পুকুর এবং পুকুর পাড় থেকে ৯০৪০০ টাকার রুই জাতীয় মাছ, চিংড়ি এবং

পাড় থেকে সবজি বিক্রি করেন। তার মোট লাভ হয়েছে ৫৮৪০০ টাকা । মাঠ দিবসে অন্যান্য খামারীদেরকে উদ্বুদ্ধকরনের জন্য সফল খামারী নুরজাহান বেগম এবং তার স্বামী সাদেম আলী তাদের মাছ এবং চিংড়ি চাষের সফলতার কথা মাঠ দিবসে তুলে ধরেন।

**প্রাণীসম্পদ খাতঃ**

**প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৩**





১৪ ফাল্গুন ১৪২৯/২৭ফেব্রুয়ারী-২৩ইং তারিখে সুবর্ণচর উপজেলা পরিষদ চত্বর এ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল, সুবর্ণচর, নোয়াখালীর আয়োজনে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর সহযোগিতায় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৩ এ অংশগ্রহণ করে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। সংস্থার প্রদর্শনী প্রাণি ও পাখির নামঃ উন্নত জাতের ভেড়া (গাড়ল), বাউ-চিকেন (প্যারেন্টস্টক মুরগি, ব্রয়লার টাইপ বাউ-চিকেনের বাচ্চা, ডিম ইত্যাদি) এবং ব্রয়লার টাইপ পিকিন হাঁস।
উক্ত প্রদর্শনীতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব অধ্যক্ষ এইচ এম খাইরুল আনম চৌধুরী, উপজেলা চেয়ারম্যান, সুবর্ণচর, নোয়াখালী। সভাপতিত্ব করেন চৈতি সর্ববিদ্যা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সুবর্ণচর, নোয়াখালী। পরিচালনায় ডাঃ ফখরুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুবর্ণচর, নোয়াখালী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব হারুন অর রশিদ,উপজেলা কৃষি কর্মকর্তা, সুবর্ণচর, জনাব শহীদুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা, সুবর্ণচর,জনাব খোরশেদ আলম, মৎস্য কর্মকর্তা, সুবর্ণচর, নোয়াখালী এবং বিভিন্ন ধরণের প্রাণির খামারী ও পরিদর্শনার্থীবৃন্দ। উক্ত প্রাণি সম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীতে সাগরিকা সমাজ উন্নয়ন এর সাগরিকা সমন্বিত কৃষি খামার এর বাউ চিকেন ৩য় স্থান অধিকার করে পুরস্কার প্রাপ্ত হয় এবং পুরস্কার বিতরনের মাধ্যমে প্রদর্শনীর সমাপ্ত ঘোষণা করা হয়।

## LIFT- কর্মসূচির আওতায় ”পারিবারিক, বাণিজ্যিক ও প্যারেন্টস্টক খামার পর্যায়ে জলবায়ু সহিষ্ণু কালার ব্রয়লার মুরগি পালনের মাধ্যমে পুষ্টি নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচন” প্রকল্প

**LIFT- কর্মসূচির আওতায় ”পারিবারিক, বাণিজ্যিক ও প্যারেন্টস্টক খামার পর্যায়ে জলবায়ু সহিষ্ণু কালার ব্রয়লার মুরগি পালনের মাধ্যমে পুষ্টি নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচন” প্রকল্প এর ভিত্তি প্রস্তর স্থাপনঃ**





৬ই ফেব্রুয়ারি ২০২৩ ইং তারিখে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার সমন্বিত কৃষি খামারে LIFT- কর্মসূচির আওতায় ”পারিবারিক, বাণিজ্যিক ও প্যারেন্টস্টক খামার পর্যায়ে জলবায়ু সহিষ্ণু কালার ব্রয়লার মুরগি পালনের মাধ্যমে পুষ্টি নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচন” প্রকল্প এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন জনাব ড. মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক -২, পিকেএসএফ। ভিত্তি প্রস্তর স্থাপনকালে আরো উপস্থিত ছিলেন জনাব রোকনুজ্জামান, ব্যবস্থাপক (কার্যক্রম) ও উপ-প্রকল্প সমন্বয়কারী, জনাব জিএম হুমায়ূন আজম, উপ - ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ। এছাড়াও উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, আলহাজ্ব মোঃ শামছুল হক, উপ- পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। সংস্থার সকল কর্মকর্তাবৃন্দও এই সময় উপস্থিত থাকেন।

LIFT- কর্মসূচির আওতায় ”পারিবারিক, বাণিজ্যিক ও প্যারেন্টস্টক খামার পর্যায়ে জলবায়ু সহিষ্ণু কালার ব্রয়লার মুরগি পালনের মাধ্যমে পুষ্টি নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচন” শীর্ষক নতুন উদ্যোগ বাস্তবায়নের জন্য সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা ৩ বছর মেয়াদী কার্যক্রম হাতে নিয়েছে। পিকেএসএফের অর্থায়নে সুবর্ণচর ও হাতিয়া উপজেলার ৮টি শাখায় কার্যক্রম বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এ কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা, আর্থিক স্বচ্ছলতা, পুষ্টি নিরাপত্তা অর্জন সম্ভব। পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত কালার ব্রয়লার মুরগি পালন কর্মসূচি এর ৮টি কর্মএলাকা যথাক্রমে পূর্ব চরবাটা, চরবাটা, চরক্লার্ক, চর জব্বর, চর মহিউদ্দিন, হাতিয়া বাজার, আল আমিন বাজার, বয়ার চর। সর্বমোট ২০০জন উপকারভোগী পরিবারের মধ্যে প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্যে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক ২০২১-২২ অর্থবছর থেকে কার্যক্রম শুরু হয়েছে।

## LIFT- কর্মসূচির আওতায় পেকিন হাঁস পালন

**সদস্য পর্যায়ে পেকিন হাঁসের প্রস্তুতকৃত প্যাকেজ বিতরণঃ**







সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক LIFT- কর্মসূচির আওতায় পেকিন হাঁস পালন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সদস্য পর্যায়ে ৫ জানুয়ারী,২০২৩ ইং তারিখে পেকিন হাঁসের বাচ্চা, খাদ্য, খাদ্য পাত্র, জীবানুনাশক, স্প্রে, রেজিস্টার, সাইনবোর্ড, ঔষধ ইত্যাদি বিতরণ করা হয়। উক্ত বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। উল্লেখ্য এ পর্যন্ত সর্বমোট ৬২ জন সদস্য পর্যায়ে খামারীদের মাঝে প্রস্তুতকৃত প্যাকেজ বিতরণ করা হয়। এ প্যাকেজের মধ্যে থাকে হাঁসের বাচ্চা ৫০টি, খাদ্য ২ কেজি, স্প্রে ১টি, পানির পাত্র ৩টি, খাদ্য পাত্র ৩টি, জীবানুনাশক ৪টি,পর্যাপ্ত ঔষধ, রেজিস্টার ১টি, সাইনবোর্ড ১টি। প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার কারিগরি কর্মকর্তারা নিয়মিত তদারকি তথা হাঁসের বাচ্চার নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, সাপ্তাহিক ওজন নির্নয়, টিকাদান করে যাচ্ছেন।

## সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট

### বাজার উন্নয়ন কার্যক্রমঃ






সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্টের “পরিবেশ বান্ধব উপায়ে নোয়াখালী জেলায় মহিষ পালন ব্যবসাগুচ্ছের সম্প্রসারন” উপপ্রকল্পের আওতায় নোয়াখালীর হাতিয়া উপজেলার ২ নং হরণী ইউনিয়ন হাতিয়া বাজারে মহিষ ও গরুর বাজার উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। ৭ ফেব্রুয়ারি,২০২৩ ইং তারিখে বাজার উন্নয়নের কার্যক্রম পরিদর্শন করেন ড. মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-২, পিকেএসএফ। জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, আলহাজ্ব মোঃ শামছুল

হক, উপ-পরিচালক। এই উন্নয়ন কার্যক্রমের মধ্যে ছিল মহিষের উঠা-নামার জন্য ২টি র‍্যাম্প, ১টি ওজন মাপার যন্ত্র, ২টি টয়লেট এবং ৩টি গার্বেজ হাউজ। বাজার উন্নয়নের উদ্দেশ্য হলো পূর্বে র‍্যাম্প না থাকার কারনে মহিষ উঠা-নামার সময় আঘাত পেয়ে অসুস্থ হয়ে যেত। ওজন মাপার যন্ত্র না থাকার কারণে ক্রেতা-বিক্রেতা সঠিক দামে মহিষ কেনা-বেচা করতে পারতনা। এছাড়াও বাজারে টয়লেট না থাকার কারনে ক্রেতা-বিক্রেতদের অসুবিধায় পড়তে হতো। সঠিক বর্জ্য ব্যবস্থাপনার অভাবে মহিষের বাজার সবসময় গোবর এবং ময়লা আবর্জনায় পূর্ণ থাকতো। উপরোক্ত সমস্যা সমূহ সমাধানের লক্ষ্যে হাতিয়া বাজার উন্নয়নের কার্যক্রম সম্পন্ন করা হয়।

বর্তমানে হাতিয়া বাজারে প্রতি সপ্তাহে দুই দিন গরু, মহিষের হাট বসে। প্রতি হাট বারে প্রায় ২০০ থেকে ৩০০ মহিষ ও গরু কেনা বেচা করা হয়। ডিজিটাল ওজন মাপার যন্ত্র থাকার কারণে ক্রেতা-বিক্রেতা সঠিক দামে মহিষ গরু কেনা-বেচা করতে পারছে। এছাড়াও উঠা-নামার র‍্যাম্প থাকায় সহজে মহিষ, গরু উঠা-নামা করতে পারছে। স্বাস্থ্যসম্মত টয়লেট থাকার কারণে বাজারে উপস্থিত ক্রেতা-বিক্রেতাগন তাদের সুবিধামত স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার করেতে পারছেন। এতে করে তাদের কোন প্রকারের স্বাস্থ্যঝুঁকিতে পড়তে হচ্ছে না। নিদিষ্ট স্থানে বর্জ্য ব্যবস্থাপনা থাকার কারণে প্রতি হাটের শেষে মহিষ গরুর গোবর গুলো নিদিষ্ট স্থানের সংরক্ষণ করা যায়। এতে করে মহিষ, গরুর বাজার সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে এবং পরিবেশ সুরক্ষিত থাকে।

## সমৃদ্ধি ও প্রবীণ জীবনমান উন্নয়ন কর্মসূচী (চর এলাহী)

**বিনামূল্যে হুইল চেয়ার ও বার্ষিক ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ঃ**







০৫/০৩/২০২৩ইং তারিখে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার চরএলাহী ইউনিয়নে প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৪ জন অস্বচ্ছল প্রবীণ ব্যাক্তিকে বিনামূল্যে হুইল চেয়ার বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: আবদুর রাজ্জাক, চেয়ারম্যান, চরএলাহী ইউনিয়ন। উক্ত অনুষ্ঠানে চরএলাহী ইউনিয়নের প্রবীণ কমিটির সভাপতি ও অন্যান্য প্রবীণ ও সামাজিক ব্যাক্তি বর্গ এবং সংস্থার অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার চরএলাহী ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচীর আওতায় বার্ষিক ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: আবদুর রাজ্জাক, চেয়ারম্যান, চরএলাহী ইউনিয়ন। উক্ত অনুষ্ঠানে চরএলাহী ইউনিয়ন পরিষদের সদস্য উন্নয়নে যুব সমাজের সদস্য সমৃদ্ধি শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষক, ছাত্র/ছাত্রী ও সামাজিক ব্যাক্তি বর্গ এবং সংস্থার অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## সমৃদ্ধি ও প্রবীণ জীবনমান উন্নয়ন কর্মসূচী (চর আমান উল্যাহ)

### বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরষ্কার বিতরণী অনুষ্ঠানঃ

প্রতিবছর এর ন্যায় এ বছরও সমৃদ্ধি কর্মসূচি ০৬ নং চর আমান উল্যাহ ইউনিয়নে ০৩ দিন ব্যাপি সমৃদ্ধি ইউনিয়নভুক্ত বৈকালিন শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষক শিক্ষার্থী, যুব ও প্রবীণদের নিয়ে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। আরো উপস্থিত ছিলেন জনাব মো: জাকির হোসেন, প্রকল্প সমন্বয়কারী(সমৃদ্ধি কর্মসূচি), চর আমান উল্যাহ ও জনাব মো: গোলামুর রহমান খোকন, প্রকল্প সমন্বয়কারী(সমৃদ্ধি কর্মসূচি), চর এলাহী ইউনিয়ন। এছাড়াও উপস্থিত ছিলেন জনাব ফয়সাল আহমদ,স্বাস্থ্য কর্মকর্তা ও জনাব কানিজ ফাতিমা নয়ন, স্বাস্থ্য কর্মকর্তা, জনাব মো: মোছলেহ উদ্দিন, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব মো: জোবায়ের হোসেন, শিক্ষা সুপারভাইজার এবং এলাকার গণ্যমান্য অনেকে।






### বিশেষ স্বাস্থ্য সেবা ক্যাম্পঃ

বাৎসরিক লক্ষ্যমাত্রা অনুযায়ী তিনটি বিশেষ স্বাস্থ্য সেবা ক্যাম্পের আওতায় নাক-কান-গলা ও গাইনী ও শিশু ক্যাম্পের আয়োজন করা হয়। প্রত্যেক ক্যাম্প একজন বিশেষজ্ঞ ডাক্তার ও একজন মেডিকেল অফিসারের সমন্বয়ে অনুষ্ঠিত হয়। উক্ত বিশেষ স্বাস্থ্য সেবা ক্যাম্প এ মোট উপকারভোগীর সংখ্যা ১৫৬ জন। প্রবীণ সামাজিক কেন্দ্র ঘরে ক্যাম্পটি অনুষ্ঠিত হয়। নাক -কান-গলা রোগীদের সেবা প্রদান করেন ডাঃ নাজমুল হাসান, এমবিবিএস, (চমেক) বি সি এস(স্বাস্থ্য) এম এস(ইএনটি,বি এস এম এম ইউ),নাক,কান,গলা রোগ বিশেষজ্ঞ ও হেডনেক সার্জন,জাতীয় ক্যান্স্যার গবেসনা ইনিস্টটিউড ও হাসপাতাল, মহাখালী,ঢাকা। গাইনী ও শিশু রোগীদেও সেবা প্রদান করেন ডাঃ বিথী বিশ্বাস, এমবিবিএস, (ডিইউ) বিসিএস(স্বাস্থ্য), পিজিটি (গাইনি) ,সিএম ইউ,আল্ট্রা।

## চর উন্নয়ন ও বসতি স্থাপন প্রকল্প - ব্রিজিং(এএফ)

চর উন্নয়ন ও বসতি স্থাপন প্রকল্প - ব্রিজিং(এএফ) প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হলো উপকুলীয় অঞ্চলে জেগে উঠা নতুন চরে বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্যতা ও ক্ষুধা হ্রাস করা এবং আরো উন্নত ও নিরাপদ জীবন জীবিকার মান উন্নয়ন করা।






## কম্পোনেন্ট সমুহঃ

১) পানি ও পয়ঃনিষ্কাসন ২) আইন ও মানবাধিকার ৩) বসতভিটায় সবজী চাষ ও ভেল্যু চেইন উন্নয়ন ৪)হাঁস মুরগী ও গবাদি পশুপালন ৫) মৎস্য চাষ উন্নয়ন।

উপরোক্ত পাঁচটি কম্পোনেন্টের মাধ্যমে চরাঞ্চলে বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর জীবন জীবিকার মান উন্নয়নে প্রকল্প কাজ করছে। উপকুলীয় চর অঞ্চলের নিরাপদ পানির খুবই অভাব। প্রতি ১০-১২টি পরিবারের জন্য একটি হস্তচালিত গভীর নলকুপ ডিপিএইচই'র মাধ্যমে প্রকল্প এলাকায় স্থাপন করে পানির ব্যবস্থা করা হয়। প্রতিটি সমিতিতে আইন ও মানবাধিকার কর্মীদের দ্বারা সরকারি পাচঁটি মৌলিক আইন (মুসলিম পারিবারিক ও উত্তরাধিকার, হিন্দু পারিবারিক ও উত্তরাধিকার এবং ভুমি আইন) শিক্ষার মাধ্যমে সদস্যদের আইন বিষয়ে ধারনা দেওয়া হয়। হাঁস মুরগী ও গবাদি পশুপালন, মৎস্য চাষ উন্নয়ন, বসতভিটায় সবজী চাষ ও ভেল্যু চেইন উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান, অর্থনৈতিক উন্নয়ন ও পুষ্টির চাহিদা পুরন হচ্ছে। দ্বিমাসিক মিটিংয়ের মাধ্যমে কর্মীদের কাজের জবাবদিহিতা নিশ্চিত করা ও ভবিষৎ কাজের পরিকল্পনা করা হয়। সামগ্রিকভাবে বলা যায়, উপকুলীয় চরাঞ্চলের মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে প্রকল্পের কাজ করা হচ্ছে।

## Recovery and Advancement of Informal Sector Employment




## কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ বিতরণঃ

সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার পূর্ববর্তী ঋনগ্রহীতা (জানুয়ারী ২০২০ এর পূবেৃ ঋণী) যারা কোভিডে ক্ষতিগ্রস্ত এবং তাদের ব্যবসার কার্যক্রম পূনরুদ্ধারের জন্য আর্থিক সহায়তা করছেন। প্রাথমিক ভাবে এমন ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রকল্পের অংশগ্রহনকারী হিসাবে নির্বাচনের জন্য পিকেএসএফ এর গৃহীত নীতিমালা সাপেক্ষে ৬০০ জনকে স্বল্প সার্ভিস চার্জে ক্ষুদ্রাকারে ঋণ দেওয়া হচ্ছে। পাশাপাশি আগামী কোয়াটারের মধ্যে রেইজ ঋণ গ্রহীতাদের প্রত্যেক সদস্যকে (রিস্ক ম্যানেজমেন্ট এন্ড বিজনেস কন্টিনিউটি ট্রেনিং) ৩ দিনের প্রশিক্ষণের আওতায় আনা হবে। এরই মধ্যে ৩১ মার্চ ২০২৩ ইং পর্যন্ত ৩১০ জন রেইজ ঋণ গ্রহীতাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## নিম্ন আয়ের পরিবারভূক্ত তরুণদের শিক্ষানবিশ প্রশিক্ষণঃ

নিম্ন আয়ের পরিবারভূক্ত তরুণদের যাদের বয়স ১৫-৩৫ বছর তাদের ৬ মাসের প্রশিক্ষণ করানো হচ্ছে । বর্তমানে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা ২৫ জন ওস্তাদের আওতায় ৫০ জনকে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ দিচ্ছে। প্রশিক্ষণটি মাস্টারক্রাফটপার্সন (ওস্তাদ) মাধ্যমে ১ম জানুয়ারী ২০২৩ থেকে ৩০ জুন পর্যন্ত চলমান থাকবে।

# BD Rural Wash for HCD Project

## বিডি রুরাল ওয়াশ প্রকল্পের উপজেলা সমন্বয় সভা (ইউসিসি) ও সংস্থার স্টাফদের সাথে মতবিনিময় সভাঃ







৬ই ফেব্রুয়ারী, ২০২৩ ইং তারিখে রোজ সোমবার বিকেল ২.৩০ টায় সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা (সিপিও-০১) আয়োজনে সুবর্ণচর উপজেলার Upazila Coordination Committee (UCC)সদস্যদের নিয়ে সুবর্ণচর উপজেলার সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার কনফারেন্স রুমে সুবর্ণচর উপজেলা টঈঈ কমিটির ত্রৈ-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোডেক, দ্বীপ উন্নয়ন সংস্থা, শক্তি ফাউন্ডেশন, রিক, এসডিআই, প্রিজম বাংলাদেশ, সাগরিক, হীড বাংলাদেশ, টিএমএসএস, কোস্ট ফাউন্ডেশন ও উদ্দীপন সংস্থাসহ মোট ৪২ জন, পিকেএসএফ প্রতিনিধিবৃন্দ ও অন্যান্যসহ সর্বমোট ৫৫ জন সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ডঃ মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-২, পলী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

উক্ত সভায় সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুল ইসলাম স্বাগত বক্তব্য প্রদান করেন এবং প্রধান অতিথি, পিকেএসএফ প্রতিনিধি ও ইউসিসি কমিটির সকল সদস্যবৃন্দকে সভায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। তিনি প্রকল্পের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ আলোচনা করেন । নূতন প্রযুক্তি অভিযোজন করা ও বর্ষাকালীন প্রকল্পের কার্যক্রম শুরু হওয়ায় বাস্তবায়নকারী সহযোগী সংস্থা ৬ মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী শাখা ভিত্তিক টুপিট টয়লেট বাস্তাবয়ন সন্তোষজনক পর্যায়ে না হওয়ায় দুখ প্রকাশ করেন। ২০২২-২৩ বার্ষিক পরিকল্পনার অবশিষ্ট সময়ের মধ্যে গ্রামীণ পারিবারিক পর্যায়ে ওয়াটার ও টুইনপিট টয়লেট স্থাপন সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার অঙ্গীকার ব্যক্ত করেন। সভায় অংশগ্রহণকারী সকল সহযোগী সংস্থার প্রতিনিধিদের

প্রতি তাদের বিডিআরওয়াশ কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য আহবান জানান। বিডি রুরাল ওয়াশ প্রকল্পের আওতায় উপজেলা সমন্বয় (ইউসিসি) সভায় বক্তৃতা প্রদান করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা।

## কৈশোর কর্মসূচি

### উপজেলা ভিত্তিক বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণঃ

২১/০৩/২০২৩ তারিখে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার কৈশোর কর্মসুচির সুবর্ণচর উপজেলার উপজেলা ভিত্তিক বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো: সাইফুল ইসলাম,নির্বাহী পরিচালক,সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। প্রধান অতিথি ছিলেন জনাব মো: মোনায়েম খান, অধ্যক্ষ, সৈকত সরকারী কলেজ। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলে মিজানুর রহমান, প্রভাষক, সৈকত সরকারি কলেজ, জনাব গোলামুর রহমান, ফোকাল পার্সন, কৈশোর কর্মসূচী ও সামাজিক ব্যাক্তিবর্গ সহ সংস্থার অন্যান্য কর্মকর্তা।





২২/০৩/২০২৩ তারিখে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার কৈশোর কর্মসুচির সোনাইমুড়ী উপজেলার ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব গোলামুর রহমান, ফোকাল পার্সন, কৈশোর কর্মসূচী। প্রধান অতিথি ছিলেন জনাব মো: ইসমাইল হোসেন, নির্বাহী অফিসার সোনাইমুড়ী উপজেলা, বিশেষ অতিথি জনাব মো: আবুল বাশার ভারপ্রাপ্ত সমাজ সেবা কর্মকর্তা সোনাইমুড়ী উপজেলা, জনাব মো: শহিদুল ইসলাম, প্রধান শিক্ষক, লাইফ শাহীন স্কুল। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলে মিজানুর রহমান, প্রভাষক, সৈকত সরকারি কলেজ, জনাব গোলামুর রহমান, ফোকাল পার্সন, কৈশোর কর্মসূচী ও সামাজিক ব্যাক্তিবর্গ সহ সংস্থার অন্যান্য কর্মকর্তা।

## শিক্ষাবৃত্তি কর্মসূচি

সুবর্ণচর উপজেলায় দরিদ্র ও অতিদরিদ্র শিক্ষার্থীদের পড়ালেখার সুযোগ সুবিধা কম বললেই চলে। আগ্রহ থাকলেও অর্থাভাবে অনেক শিক্ষার্থী পড়ালেখা থেকে বঞ্চিত। এই সকল শিক্ষার্থীদের কথা ভেবে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক প্রদান করা হয় শিক্ষাবৃত্তি। বর্তমানে চলমান শিক্ষাবৃত্তির মধ্যে মুজিববর্ষ উদযাপন উপলক্ষে ”বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি” ও ”পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তি” উল্লেখযোগ্য। এসকল শিক্ষাবৃত্তি ২০১৩ সন থেকে প্রদান করে আসছে সংস্থা। দরিদ্র, হতদরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে এই শিক্ষাবৃত্তি প্রদান করার অন্যতম উদ্দেশ্য শিক্ষার্থীদের ঝরে পড়া থেকে রোধ করা।

"বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি" প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৬জন। এই শিক্ষার্থীরা মাসিক ৩০০০টাকা করে অনুদান লাভ করেন। শিক্ষার্থীরা ঢাকা ও চট্ট্রগ্রাম বিশ্ববিদ্যালয় এর বিভিন্ন অনুষদের শিক্ষার্থী। অন্যদিকে, "পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তি" ১ম ও ২য় দুই দফায় প্রদান করা হয়। এসএসসি উত্তীর্ণ ও এইচএসসি ১ম বর্ষ উত্তীর্ণ শিক্ষার্থীরা এই বৃত্তি লাভ করার সুযোগ পান এবং অনুদান হিসেবে এককালীন ১২০০০ টাকা করে সর্বমোট ২৪০০০টাকা লাভ করে শিক্ষার্থীরা। ২০২২ সালে এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ ১ম দফায় ২০জন শিক্ষার্থীর জন্য সুপারিশ এবং ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ১ম দফায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পিকেএসএফ হতে ২য় দফায় বৃত্তি প্রদানের জন্য ১৯ জনের তালিকা পাঠানো হয়। শিক্ষার্থীরা নিজেদের যোগ্যতার ভিত্তিতে এই শিক্ষাবৃত্তি লাভ করবে।

## সাগরিকা সাংস্কৃতিক স্কুল

সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার দ্বারা পরিচালিত সাংস্কৃতিক স্কুল এর শিক্ষার্থীদের মাধ্যমে বিভিন্ন জাতীয় দিবস পালন করা হয়। উল্লেখযোগ্য দিবস হিসেবে ১৭ই মার্চ জাতীয় শিশু দিবস ও জাতির জনক বঙ্গবন্ধুর জন্ম দিবস - ২০২৩, মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৩, আন্তর্জাতিক নারী দিবস (৮ই মার্চ) বিভিন্ন প্রতিযোগিতার মাধ্যমে পালন করা হয়। চিত্রাংকন, সঙ্গীত, নৃত্য প্রতিযোগিতা বিশেষভাবে উল্লেখযোগ্য। এরই ধারাবাহিকতায় ২৭ মার্চ,২০২৩ ইং তারিখে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ে উপরিল্লেখিত দিবস সমূহে অনুষ্ঠিত নৃত্য প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। উক্ত পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, আলহাজ্ব মোঃ শামছুল হক, উপ - পরিচালক, জনাব মোঃ জুলফিকার আলী, কোঅর্ডিনেটর (প্রোগ্রাম), ম্যানেজার (মনিটরিং এন্ড ডকুমেন্টেশন), সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা।





১৭ই মার্চ জাতীয় শিশু দিবস ও জাতির জনক বঙ্গবন্ধুর জন্ম দিবস - ২০২৩ এ ২টি গ্রুপে নৃত্য প্রতিযোগিতার পুরষ্কার প্রদান করা হয়। ক গ্রুপে প্রথম স্থান অর্জন করে অর্ণা মজুমদার, দ্বিতীয় স্থান - শেখ শাহীকা সিদ্দীকা, তৃতীয় স্থান - রিয়া দাস। খ গ্রুপে প্রথম স্থান অধিকারী শ্রী জয়ী দে, ২য় স্থান এস ফাহিয়া রশিদ ইরা, ৩য় স্থান দেবশ্রী মজুমদার। এছাড়াও সান্ত্বনা পুরষ্কার লাভ করেন প্রত্যাশা দাস, প্রযুক্তি, পুজন মজুমদার। মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৩ উপলক্ষ্যে নৃত্য প্রতিযোগিতায় গ্রুপ ক তে ১ম স্থান লাভ করেন অরিন মজুমদার, ২য় স্থান বিজয় দেবনাথ ধ্রুব, ৩য় স্থান অধিকার করেন ইচ্ছে মজুমদার। ৮ই মার্চ উদযাপিত হয় আন্তর্জাতিক নারী দিবস। এই দিবসকে ঘিরে আয়োজিত হয় নৃত্য প্রতিযোগিতার। ফলাফলস্বরূপ ক গ্রুপে ১ম স্থান অর্জন করে এস ফাহিয়া রশিদ ইরা, ২য় স্থান শ্রী জয়ী দে, ৩য় স্থান মেঘলা মজুমদার। খ গ্রুপে ১ম পুরষ্কার লাভ করেন দীধিতা রহমান অদ্রি, যথাক্রমে ২য় ও ৩য় স্থান লাভ করেন রুমা রাণী কাহাঁর ও সূচনা ভাটিয়া সিঁথী। গ গ্রুপে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জন করেন শ্রাবন্তী নাথ ঐশী, অর্পিতা রাণী মজুমদার, প্রান্তিকা মজুমদার। নৃত্য প্রশিক্ষক হিসেবে সম্মাননা স্মারক লাভ করেন সৈয়দ দিদারুল ইসলাম। পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কাজী মোহাম্মদ মোশারফ হোসেন, পার্সোনাল সেক্রেটারী (ইডি), সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা।

# সাগরিকা ডায়াগনস্টিক সেন্টার (স্বাস্থ্য উন্নয়ন) কর্মসূচী

**ডক্টর'স চেম্বার কার্যক্রম:**

ডক্টর'স চেম্বারের মাধ্যমে বিশেষজ্ঞ চিকিৎসকের সাহায্যে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার সমিতির সদস্যসহ সমাজের দরিদ্র ও হতদরিদ্র রোগীদের চিকিৎসা প্রদান করা হয়। অভিজ্ঞ ডাক্তারের মাধ্যমে মা ও শিশু, মেডিসিন, গাইনী, এবং ডায়াবেটিস রোগীর চিকিৎসা সেবা দেওয়া হয়। ডাক্তার ভিজিট ফি সহ অন্যান্য সকল ধরনের সেবা সমূহ ৫০% ছাড় মূল্যে পরীক্ষা নিরীক্ষা ও চিকিৎসা সেবা দেয়া হয়। তাই গ্রামের অতি গরীব ও অসহায় মানুষ বিনা চিকিৎসার কষ্ট থেকে মুক্তি পায়। সপ্তাহের প্রত্যেক মঙ্গলবার ডাঃ সুমা রাণী কর, এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য), গাইনী রোগী দেখেন বিকাল ৪টা হতে রাত ৮টা পর্যন্ত এবং প্রত্যেক শুক্রবার রোগী দেখেন ডাঃ বিথী বিশ্বাস, এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য), মেডিসিন, সকাল ৯টা হতে বিকাল ৩টা পর্যন্ত।

## ডাঃ সুমা কর

| | | |
|---|---|---|
| মাসিক হিসাব | ৪ টা চেম্বার | ১২০ জন রোগী |
| ত্রৈমাসিক | ১২টা চেম্বার | ৩৬০ জন রোগী |
| ভিজিট | ফ্রি (স্বাস্থ্য কার্ড বাধ্যতামূলক) | |

## ডাঃ বিথী বিশ্বাস

| | | |
|---|---|---|
| মাসিক হিসাব | ৪ টা চেম্বার | ৫০ জন রোগী |
| ত্রৈমাসিক | ১২টা চেম্বার | ১৫০ জন রোগী |
| ভিজিট | ফ্রি (স্বাস্থ্য কার্ড বাধ্যতামূলক) | |

**পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক - ২ ড. মোঃ জসীম উদ্দিন ও পিকেএসএফ এর অন্যান্য কর্মকর্তাবৃন্দের ৬- ৭ ফেব্রুয়ারী, ২০২৩ইং সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার কার্যক্রম পরিদর্শনের সংক্ষিপ্ত চিত্রঃ**

**গত ০৬/০২/২০২৩ ইং তারিখে জনাব ড.মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক -২, জনাব রোকনুজ্জামান, ব্যবস্থাপক (কার্যক্রম) ও উপ-প্রকল্প সমন্বয়কারী, জনাব জিএম হুমায়ুন আজম, উপ - ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার কার্যক্রম পরিদর্শণ করেন। সংস্থার নিম্নলিখিত কার্যক্রমসমুহ পরিদর্শণ করেনঃ**

১. সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থায় আগমন উপলক্ষে শুভেচ্ছা বিনিময় ২.সাগরিকার সমন্বিত খামার পরিদর্শন ও বাউ চিকেন (লিফট কালার ব্রয়লার) খামারের ভিত্তি প্রস্তর স্থাপন ৩. সুবর্ণচর উপজেলা বিডিআর ওয়াশ ফর এইচ সিডি প্রকল্পের ইউসিসি মিটিং ৪. সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার বিডিআর ওয়াশ ফর এইচ সিডি প্রকল্পভুক্ত কর্মকর্তাবৃন্দের সাথে প্রকল্প বিষয়ে মতবিনিময় সভা ৫. আঞ্চলিক কর্মশালায় অংশগ্রহণ ৬.বিডিআর ওয়াশ মডেল ভিলেইজ পরিদর্শন (চর বাগ্যা) ৭. গাভী পালন, ভার্মিকম্পোস্ট সার, টুইনপিট টয়লেট, দেশী মুরগির প্যারেন্টস্টক খামার পরিদর্শন(সমিতি বাজার) ৮.রেইজ প্রকল্পের এমসিপি এর অধীনে ওয়েল্ডিং (শিক্ষানবীশ) প্রশিক্ষণ পরিদর্শন ৯. এসইপির দধি তৈরীর কারখানা পরিদর্শন, খাসের হাট বাজার ১০.সমৃদ্ধি কেন্দ্রঘর উদ্বোধন, শ্রেষ্ঠ প্রবীণ সম্মাননা, শ্রেষ্ঠ প্রবীণ সন্তান সম্মাননা (ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ) অনুষ্ঠান ১১. এসইপি প্রকল্পের মহিষের বাজার উন্নয়ন কার্যক্রম, মহিষের খামার পরিদর্শন, হাতিয়া বাজার ১২. কিশোরী ক্লাবের পিঠা উৎসব ১৩. সাংস্কৃতিক অনুষ্ঠান (সংস্থার পরিচালিত সুবর্ণচর সাগরিকা সাংস্কৃতিক ফোরাম এর পরিবেশনা)





৬ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন ড. মো: জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক - ২, পিকেএসএফ। সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ে পৌঁছালে তাকে উষ্ণ অভ্যর্থনা জানান জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, জনাব আলহাজ্ব মোঃ শামছুল হক, উপ -পরিচালক (মাইক্রোফাইন্যান্স), সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। সংস্থার নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুল ইসলাম সংস্থার সার্বিক দিক সম্পর্কে ড. মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক - ২, জনাব রোকনুজ্জামান, ব্যবস্থাপক (কার্যক্রম) ও উপ - প্রকল্প সমন্বয়কারী, জনাব জিএম হুমায়ূন আজম, উপ - ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ পরিদর্শকদের অবহিত করেন।

**পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন এর সহকারী ব্যবস্থাপক (প্রোগ্রাম) জনাব মোঃ আকরাম হোসেন এর সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা পরিদর্শনঃ**





সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার হাতিয়া বাজার, আল আমিন বাজার, চাপরাশিরহাট শাখায় বিভিন্ন কার্যক্রম পরিদর্শন শেষে ২২/০৩/২০২৩ ইং তারিখে জনাব মোঃ আকরাম হোসেন, সহকারী ব্যবস্থাপক, পিকেএসএফ সংস্থার প্রধান কার্যালয়ে এক সভায় মিলিত হন সংস্থার ম্যানেজমেন্টে কমিটির সদস্যরা। উল্লেখ্য সভায় উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক ও

আলহাজ্ব মোঃ শামছুল হক, উপ- পরিচালক (মাইক্রোফাইন্যান্স), সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। জনাব মোঃ আকরাম হোসেন এই সভায় বিভিন্ন পরামর্শ প্রদান করেন।

## দাতা সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার কর্মকর্তাদের মতবিনিময় সভা






৬/০২/২৩ইং তারিখে সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থ্যার প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে ড. মোঃ জসীম উদ্দীন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক - ২, পিকেএসএফ মহোদয় এর সাথে সংস্থ্যার উর্দ্ধতন কর্মকর্তাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় আরো উপস্থিত ছিলেন জনাব রোকনুজ্জামান, ব্যবস্থাপক (কার্যক্রম) ও উপ-প্রকল্প সমন্বয়কারী, জনাব জিএম হুমায়ুন আজম, উপ - ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ এবং জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, আলহাজ্ব মোঃ শামছুল হক, উপ -পরিচালক, জনাব জামাল উদ্দিন সিদ্দিকী, ম্যানেজার (মনিটরিং এন্ড ডকুমেন্টেশন), জনাব মোঃ হান্নান মোল্যা,ব্যবস্থাপক (প্রশাসন), সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থ্যা। এছাড়াও সংস্থার রিজিওনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজার সহ সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন সভায়।

উক্ত মতবিনিময় সভায় বক্তারা সংস্থার বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন ফলশ্রুতিতে যে সকল ভুলত্রুটি দৃশ্যমান সেগুলো সংশোধনের সুযোগ হয়। এছাড়াও বিভিন্ন কার্যক্রম নিয়ে পরামর্শ প্রদান করেন পিকেএসএফ কর্মকর্তাবৃন্দ বিশেষ করে বিডিআরওয়াশ ফর এইচসিডি প্রকল্পের কার্যক্রম নিয়ে। উক্ত সভায় সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুল ইসলাম স্বাগত বক্তব্য প্রদান করেন এবং প্রধান অতিথি, পিকেএসএফ প্রতিনিধি ও ইউসিসি কমিটির সকল সদস্যবৃন্দকে সভায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। তিনি প্রকল্পের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ আলোচনা করেন । নূতন প্রযুক্তি অভিযোজন করা ও বর্ষাকালীন প্রকল্পের কার্যক্রম শুরু হওয়ায় বাস্তবায়নকারী সহযোগী সংস্থা ৬ মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী শাখা ভিত্তিক টুপিট টয়লেট বাস্তাবয়ন সন্তোষজনক পর্যায়ে না হওয়ায় দুখ প্রকাশ করেন। ২০২২-২৩ বার্ষিক পরিকল্পনার অবশিষ্ট সময়ের মধ্যে গ্রামীণ পারিবারিক পর্যায়ে ওয়াটার ও টুইনপিট টয়লেট স্থাপন সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার অঙ্গীকার ব্যক্ত করেন। সভায় অংশগ্রহণকারী সকল সহযোগী সংস্থার প্রতিনিধিদের প্রতি তাদের বিডিআরওয়াশ কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য আহবান জানান। সভার প্রধান অতিথি জনাব ডঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-২, তাঁর বক্তব্যের শুরুতে সভায় অংশগ্রহণ করার জন্য সকল সহযোগী সংস্থার সকল প্রতিনিধিদের ধন্যবাদ ও অভিনন্দন জানান। তিনি গ্রামীণ জনস্বাস্থের উন্নয়নে বিডিআরওয়াশ কার্যক্রমের গুরুত্ব ও প্রয়োজনীতা তুলে ধরেন। তিনি বলেন বিডিআরওয়াশ কার্যক্রম কোন প্রকল্প কার্যক্রম নয় ইহা পিকেএসএফ ও ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান গুলোর অন্যান্য সাধারণ ঋণ কম্পোন্যান্ট এর মত একটি ঋণ কম্পোন্যান্ট হিসাবে চলমান থাকবে। পিকেএসএফ সকল ঋণ কম্পোন্যান্ট ও প্রকল্প সমান গুরুত্ব দিয়ে বাস্তবায়ন করতে হবে। বিডিআরওয়াশ ঋণ কম্পোন্যান্ট বাস্তবায়ন সন্তোষজনক না হলে পিকেএসএফ এর অন্যান্য ঋণ তহবিল সহায়তার উপর প্রভাব পড়বে। তাই সকল সহযোগী সংস্থার প্রতিনিধিবৃন্দকে গুরুত্ব সহকারে

বাস্তবায়ন করার জন্য দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। প্রজেক্টের কার্যক্রম কিভাবে সঠিক, নির্ভুল, গতিশীল, টেকসই ও শতভাগ অর্জনে উন্নীত করা যায় সে উদ্দেশ্যে নিন্মোক্ত আলোচ্য বিষয়গুলো প্রানবন্ত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

## পিকেএসএফ কর্তৃক আয়োজিত কর্মশালা



১৫ই ফেব্রুয়ারি ২০২৩ ইং সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ে পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন কর্তৃক **No Cost, Low Cost** বিষয়ের উপর একটি কর্মশালা আয়োজিত হয়। উক্ত কর্মশালায় প্রশিক্ষক ছিলেন মোঃ মাহবুবুর রহমান, উপ ব্যবস্থাপক, পিকেএসএফ। কর্মশালায় ঋণ কর্মসূচির উপর ব্যাপক আলোচনা করা হয়। আলোচ্য বিষয়ের মধ্যে ছিলো সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন বিষয়ক আলোচনা, মাইক্রো এন্টারপ্রাইজ লোন পরিচালনার জন্য বাধাসমূহ। এছাড়াও ভবিষ্যতে মাইক্রোফাইন্যান্সের পরিচালনার জন্য যে সমস্ত পরিবর্তন আসবে যেমন ঋণের ঝুঁকি নির্ণয় করা কঠিন হবে, নগদ টাকা লেনদেন হবেনা অর্থাৎ ক্যাশলেস, লোন রিপেয়ারমেন্ট সিস্টেমের পরিবর্তন, দীর্ঘমেয়াদী ঋণ চাহিদা বাড়বে এবং কম্পিউটার সম্পর্কিত দক্ষতা বাড়াতে হবে। ১০ বছর পর মাইক্রোফাইন্যান্সের কি ধরনের পরিবর্তন হবে সে বিষয়েও আলোচনা করা হয়। এর প্রেক্ষিতে বিগ ডাটা, আর্টিফিশিয়াল বুদ্ধিমত্তা সফটওয়ার সম্পর্কে ধারণা দেয়া হয় প্রশিক্ষনার্থীদের মাঝে।

গ্রাহকসেবা বৃদ্ধির জন্য কিছু পদক্ষেপ নেওয়া জরুরি বলে প্রশিক্ষক পরামর্শ প্রদান করেন। সংস্থার প্রতি অনুগত অথবা সংস্থাকে ধারণ করে এমন কর্মী চিহ্নিত করা, দীর্ঘদিন সংস্থার সাথে লেনদেন করে এমন গ্রাহকদের উৎসবগুলোতে শুভেচ্ছা বার্তা, গ্রাহকের মৃত্যুতে শোকবার্তা পাঠানো ইত্যাদি। কর্মশালায় প্রশিক্ষণ শেষে সেভিংস ও ক্রেডিট বিষয়ের উপর ৪টি দল গঠন করে দলীয় কাজ করতে দেয়া হয়। এই দলীয় কাজে অংশ নেয় সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ। দলীয় কাজ শেষে বিজয়ী দলগুলোর মাঝে পুরস্কার বিতরণ করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, আলহাজ্ব মোঃ শামছুল হক, উপ-পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা ও জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ -ব্যবস্থাপক , পিকেএসএফ।

উক্ত কর্মশালার প্রশিক্ষণ শেষে বক্তব্য রাখেন জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী পরিচালক, সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা। বক্তৃতায় তিনি বলেন, " পল্লী কর্ম - সহায়ক ফাউন্ডেশন কর্তৃক No Cost, Low Cost বিষয়ের উপর কর্মশালাতে উপস্থিত থাকতে পেরে আমরা উচ্ছ্বসিত, এ কর্মশালা অনেক বেশি ফলদায়ক হবে বলে মনে করছি। ভবিষ্যতেও পিকেএসএফ কর্তৃক এমন আরো কর্মশালায় সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা অর্ন্তভুক্ত হতে পারবে বলে মনে করছি।"